বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

কৃষি ব্যাংক ভবন

৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

ফোনঃ ০২২২৩৩৬৯৩১; ই-মেইলঃ dgmaccounts1@krishibank.org.bd

কেন্দ্রীয় হিসাব বিভাগ

ডিএমডি(৩)-পরিপত্র নং-০২/২০২৩ তারিখ ঃ ০৬.০৬.২০২৩

১। মহাব্যবস্থাপক, লোকাল প্রিন্সিপাল অফিস, ঢাকা

২। উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ

৩। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয় ঃ ৩০ জুন, ২০২৩ তারিখ ভিত্তিক বার্ষিক হিসাব সমাপনী প্রসঙ্গে।

শিরোনামে বর্ণিত বিষয়ে হিসাব ও জেনারেল ব্যাংকিং ম্যানুয়েল, ২০১০(১ম খন্ড) এর ১৩.০১ হতে ১৩.৪১ নং অনুচ্ছেদের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সিবিএসের আওতায় অনলাইনভুক্ত সকল শাখাকে ম্যানুয়েলের উক্ত অনুচ্ছেদসমূহে বর্ণিত নির্দেশনা ও পরবর্তীতে বিভিন্ন সময়ে জারিকৃত পত্র/পরিপত্রের নির্দেশনা এবং সর্বোপরি আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ/ আইসিটি অপারেশন বিভাগ/ ঋণ শ্রেণীবিন্যাস বিভাগ এর নির্দেশনানুযায়ী বার্ষিক হিসাব সমাপনী ৩০ জুন, ২০২৩ সম্পন্ন করতে হবে।

০৩। হিসাব সমাপনীর সুবিধার্থে নিম্নবর্ণিত দিক-নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করার জন্য সকলকে পরামর্শ প্রদান করা হলো ঃ

৩.০১। **২১-চলতি আমানত হিসাব** ঃ

প্রতিটি কারেন্ট ডিপোজিট এ্যাকাউন্ট (সিডি) বা চলতি হিসাব হতে একাউন্ট মেইনটেনেন্স ফি বাবদ ৩০০/- টাকা এবং ভ্যাট বাবদ ৪৫/- টাকা (১৫% হারে) সর্বমোট ৩৪৫/- টাকা আদায় করতে হবে। কোন চলতি হিসাবের স্থিতি পরিমাণ ৩০০/- টাকা বা উক্ত টাকার কম থাকলে সম্পূর্ণ টাকা কর্তন করতে হবে। হিসাবায়ন হবে নিম্নরূপ ঃ

ডেবিট	ক্রেডিট
২১-চলতি হিসাব	৪৬/১৬ (একাউন্ট মেইনটেনেন্স ফি)
	৪১/১০ক (ভ্যাট)

সূত্র নং- প্রকা/(হিসাব-১) পরিপত্র নং-৪/২০২১ তারিখঃ ২৭.০৬.২০২১

৩.০২। **২২-সঞ্চয়ী আমানত হিসাব** ঃ

ক) ১ জানুয়ারী, ২০২৩ হতে ৩০ জুন, ২০২৩ পর্যন্ত প্রতি মাসের নূন্যতম স্থিতিকে ভিত্তি ধরে সঞ্চয়ী আমানত হিসাবে যে কোন অংকের স্থিতির উপর নিম্নবর্ণিত হারে সুদ প্রদান করতে হবে। এক্ষেত্রে হিসাব ম্যানুয়েল ২০১০ এর অনুচ্ছেদ নং ১৯.১০ যথাযথভাবে অনুসরণ করতে হবে। সর্বনিম্ন সুদের পরিমাণ হবে ১০/- টাকা। সুদের উপর উৎসে কর কর্তনের ক্ষেত্রে অত্র বিভাগের পত্র নং- প্রকা/হিসাব-১/ভ্যাট ও ট্যাক্স ৬(৪৮)/অংশ-২/২০২২-২৩/২৫ তারিখ-০৭.০৭.২০২২ এবং পত্র নং-প্রকা/হিসাব(শাখা-১)/ভ্যাট ও ট্যাক্স ৬(৪৮)/২০২২-২৩/৩৩২ তারিখ-২৫.১০.২০২২ এর নির্দেশনা অনুসরণ করতে হবে। সঞ্চয়ী আমানত হিসাবের উপর ছকে উল্লেখিত হারে সুদ ধার্য করতে হবে ঃ

সময়কাল	গ্রাম/শহর	সুদের হার
০৫.০২.২০১৭ তারিখ হতে অদ্যাবধি	গ্রাম ও শহর নির্বিশেষে	৩.৫০%

সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-২২/২০১৭ তারিখঃ ৩১.০১.২০১৭, ০৭/২০১৮ তারিখ ১৬.০১.২০১৮ এবং হিসাব পরিপত্র নং-০৭/২০১৮ তারিখ ০১.০৩.২০১৮

খ) সঞ্চয়ী আমানত হিসাবসমূহের গড় স্থিতির উপর উপর নিম্নোক্ত হারে একাউন্ট মেইনটেনেন্স ফি আদায় করতে হবে ঃ

- ১০,০০০/- টাকা পর্যন্ত ঃ শুন্য
- ১০,০০১/- হতে ২৫,০০০/- টাকা পর্যন্ত ঃ ১০০/- টাকা
- ২৫,০০১/- হতে ২,০০,০০০/- টাকা পর্যন্ত ঃ ২০০/- টাকা
- ২,০০,০০১/- হতে ১০,০০,০০০/- টাকা পর্যন্ত ঃ ২৫০/- টাকা
- ১০,০০,০০০/- টাকার অধিক ঃ ৩০০/- টাকা

গ) **এতদবিষয়ে ব্যাংকের Schedule of Charges অনুসরণ করার জন্য পরামর্শ প্রদান করা হলো।**

চলমান পাতা-০২

ঘ) উপরোক্ত ক ও খ এর ক্ষেত্রে হিসাবায়ন হবে নিম্নরূপ ঃ

ডেবিট	ক্রেডিট
১৩৩/... (সংশ্লিষ্ট সুদ ব্যয় উপখাতে অন্তর্ভুক্ত করতে হবে)	২২-সঞ্চয়ী হিসাব
২২-সঞ্চয়ী হিসাব	৪১/১৬ (উৎসে আয়কর)
	৪৬/১৬ (একাউন্ট মেইনটেনেন্স ফি)
	৪১/১০ক (ভ্যাট)

৩.০৩। **২১৩-স্পেশাল নোটিশ ডিপোজিট (এসএনডি) হিসাব ঃ**

স্পেশাল নোটিশ ডিপোজিট(এসএনডি)'এ দৈনিক প্রোডাক্ট এর ভিত্তিতে সুদ প্রদান করতে হবে। সুদের উপর প্রযোজ্য হারে যথারীতি উৎসেকর কর্তন করতে হবে। এসএনডি হিসাব পরিচালনা ও এর উপর সুদ ধার্যকরণের ক্ষেত্রে পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১৫/২০১০ তারিখঃ ১১.০৮.২০১০'এ বর্ণিত নীতিমালা অনুসরণ করতে হবে। ষান্মাসিক ভিত্তিতে প্রতিটি হিসাব হতে একাউন্ট মেইনটেনেন্স ফি বাবদ ৫০০/- টাকা ও ভ্যাট বাবদ ৭৫/- সর্বমোট ৫৭৫/- (পাঁচশত পঁচাত্তর) আদায় করতে হবে। হিসাবের স্থিতি ৫০০/- (পাঁচশত) টাকার কম হলে সম্পুর্ণ টাকা কর্তন করতে হবে। এসএনডি হিসাবের উপর নিম্নোক্ত ছকে উল্লেখিত হারে সুদ ধার্য করতে হবে ঃ

সময়কাল	স্তর	সুদের হার
০১.০৩.২০১৮ তারিখ হতে	নির্বিশেষে সকল	৪.০০%
০১.১১.২০২০ তারিখ হতে	ক. ৫০.০০ কোটি টাকা পর্যন্ত	৩.৭৫%
	খ. ৫০.০০ কোটি টাকার অধিক কিন্তু ১০০.০০ কোটি টাকা পর্যন্ত	৪.০০%
	গ. ১০০.০০ কোটি টাকার অধিক	৪.০০%
০১.০৯.২০২১ তারিখ হতে	ক. ৫০.০০ কোটি টাকা পর্যন্ত	৩.৫০%
	খ. ৫০.০০ কোটি টাকার অধিক কিন্তু ১০০.০০ কোটি টাকা পর্যন্ত	৩.৭৫%
	গ. ১০০.০০ কোটি টাকার অধিক	৪.০০%
০১.০৩.২০২২ তারিখ হতে	ক. ১.০০ কোটি টাকার কম	২.৫০%
	খ. ১.০০ কোটি ও তদূর্ধ্ব কিন্তু ২৫.০০ কোটি টাকার কম	২.৭৫%
	গ. ২৫.০০ কোটি ও তদূর্ধ্ব কিন্তু ৫০.০০ কোটি টাকার কম	৩.০০%
	ঘ. ৫০.০০ কোটি ও তদূর্ধ্ব কিন্তু ১০০.০০ কোটি টাকার কম	৩.২৫%
	ঙ. ১০০.০০ কোটি ও তদূর্ধ্ব	৩.৫০%

সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং- নং-০৭/২০১৮ তারিখ ০১.০৩.২০১৮।
সূত্র নং-হিসাব পরিপত্র নং- নং-০৮/২০২০ তারিখ ২৭.১০.২০২০।
সূত্র নং-হিসাব পরিপত্র নং- নং-০৬/২০২১ তারিখ ০১.০৯.২০২১।
সূত্র নং-ডিএমডি(২) পরিপত্র নং-০১/২০২২ তারিখ ২৮.০২.২০২২।

৩.০৪। **২৩-স্থায়ী আমানত হিসাব ঃ**

ক) বার্ষিক হিসাব সমাপনীকালে সকল মেয়াদপূর্ণ স্থায়ী আমানত হিসাবসমূহের উপর সুদ ধার্য করে যথাযথ খাতে হিসাবভুক্ত করতে হবে। সুদের উপর প্রযোজ্য হারে যথারীতি উৎসে কর কর্তন করতে হবে। সুদ ধার্য্যের ক্ষেত্রে নিম্নরূপ হিসাবায়ন হবে ঃ

ডেবিট	ক্রেডিট
১৩৩/..... (সংশ্লিষ্ট সুদ ব্যয় উপখাতে অন্তর্ভুক্ত করতে হবে)	২৩-স্থায়ী আমানত হিসাব
২৩-স্থায়ী আমানত হিসাব	৪১/১৬-উৎসে আয়কর

খ) মেয়াদ পূর্ণ হয় নাই এমন হিসাবসমূহের ক্ষেত্রে ৩০ জুন, ২০২৩ পর্যন্ত দিনের সংখ্যা হিসাব করে নির্ধারিত হারে সুদ প্রভিশন করতে হবে। **এ ক্ষেত্রে অত্র বিভাগ হতে জারীকৃত ২৫.০৪.২০১৮ তারিখে পত্র নং প্রকা/হিসাব-১/১(৪)/২০১৭-১৮/১২৯১ এর নির্দেশনা অনুসরণ করতে হবে। প্রভিশনকৃত সুদের উপর উৎসে কর কর্তন করা যাবে না**। প্রভিশন সুদ ধার্য্যের ক্ষেত্রে নিম্নরূপ হিসাবায়ন হবে ঃ

ডেবিট	ক্রেডিট
১৩৩/..... (সংশ্লিষ্ট সুদ ব্যয় উপখাতে অন্তর্ভুক্ত করতে হবে)	৪১/৪-স্থায়ী আমানতের প্রদেয় সুদ হিসাব

গ) উল্লেখ্য আলোচ্য হিসাবের উপর সময়ে সময়ে জারীকৃত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রযোজ্য হারে সুদ ধার্য/প্রভিশন করতে হবে।

চলমান পাতা-০৩

৩.০৫। **<u>২৩/১ বিকেবি ডাবল বেনিফিট স্কীম</u>** ঃ

৬(ছয়) বছর মেয়াদী বার্ষিক ১২.২৫% চক্রবৃদ্ধি সুদ হার প্রযোজ্য হবে। সুদ প্রদান পদ্ধতি ও হিসাবায়ন পদ্ধতি অনুচেছদ নং-পরিপত্রের ৩.০৩ এর নির্দেশনা অনুসরণ করতে হবে। প্রচলিত হারে উৎসে আয়কর কর্তন করতে হবে। তবে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের ডিএমডি-১(শানিব্যউবি) পরিপত্র নং-০৫/২০১৪ তারিখঃ ২৫.০৬.২০১৪ মোতাবেক বর্তমানে উক্ত হিসাব খোলা বন্ধ করা হয়েছে। পরবর্তীতে শাখা নিয়ন্ত্র ও ব্যবসা উন্নয়ন বিভাগের ডিএমডি-১(শানিব্যউবি)পরিপত্র নং-১৪/২০১৪ তারিখঃ ১৯.১০.২০১৪ মোতাবেক পুনরায় ৮(আট) বছর মেয়াদী বার্ষিক ৯.২৫% চক্রবৃদ্ধি সুদ হারে উক্ত হিসাব চালু করা হয়। এ বিষয়ে শাখা নিয়ন্ত্র ও ব্যবসা উন্নয়ন বিভাগের পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ(শানিব্যউবি) পরিপত্র নং-০১/২০১৭ তারিখ ১৬.০২.২০১৭ যথাযথভাবে অনুসরন করতে হবে।

সূত্র নং-ডিএমডি-১(শানিব্যউবি) পরিপত্র নং-০৩/২০১২ তারিখঃ ২৭.০৩.২০১২

৩.০৬। **<u>২৩/২ বিকেবি মাসিক প্রফিট স্কীম</u>** ঃ

৫(পাঁচ) বছর মেয়াদী বার্ষিক ১২.০০% সুদ হারে এবং পরবর্তীতে ১২.৫০% সুদ হারে (২৬.১২.২০১২ হতে) মাসিক ভিত্তিতে চলতি/সঞ্চয়ী আমানত হিসাবের মাধ্যমে সুদ প্রদানযোগ্য হবে। প্রচলিত হারে উৎসে আয়কর কর্তন করতে হবে। তবে শাখা নিয়ন্ত্র ও ব্যবসা উন্নয়ন বিভাগের ডিএমডি-১(শানিব্যউবি) পরিপত্র নং-০৫/২০১৪ তারিখঃ ২৫.০৬.২০১৪ মোতাবেক বর্তমানে উক্ত হিসাব খোলা বন্ধ করা হয়েছে। পরবর্তীতে শাখা নিয়ন্ত্র ও ব্যবসা উন্নয়ন বিভাগের ডিএমডি-১(শানিব্যউবি) পরিপত্র নং-১৪/২০১৪ তারিখঃ ১৯.১০.২০১৪ মোতাবেক পুনরায় ৩/৫(তিন/পাঁচ) বছর মেয়াদী বার্ষিক ১০.৮০% সুদ হারে উক্ত হিসাব চালু করা হয়।

সূত্র নং-ডিএমডি-১(শানিব্যউবি) পরিপত্র নং-০৩/২০১২ তারিখঃ ২৭.০৩.২০১২ এবং এ বিষয়ে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ(শানিব্যউবি) পরিপত্র নং-০১/২০১৭ তারিখ ১৬.০২.২০১৭ এর নির্দেশনা যথাযথভাবে পরিপালন করতে হবে।

৩.০৭। **<u>২৩/৩ বিকেবি অবসর সঞ্চয় প্রকল্প</u>** ঃ

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২, বিকেবি, প্রকা, ঢাকা'র সার্কুলার লেটার নং-০৬/২০১৫ তারিখ ০৩.১১.২০১৫ এর নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে

৩.০৮। **<u>২৩/৪ বিকেবি ত্রৈমাসিক মুনাফা ভিত্তিক সঞ্চয় প্রকল্প</u>** ঃ

৩(তিন) বছর মেয়াদী বার্ষিক ৭.৫০% এবং ০১.০৯.২০২১ তারিখ হতে পরিবর্তিত ৬.৫০% চক্রবৃদ্ধি সুদ হার প্রযোজ্য হবে।

সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৪/২০১৯ তারিখঃ ২৮.০৩.২০১৯
সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৮/২০২১ তারিখঃ ৩১.০৮.২০২১

৩.০৯। **<u>২৩/৫ বিকেবি ডাবল প্রফিট স্কীম</u>** ঃ

৯(নয়) বছর মেয়াদী বার্ষিক ৮.২৫% চক্রবৃদ্ধি সুদ হার এবং ০১.০৯.২০২১ তারিখ হতে পরিবর্তিত ১২(বারো) বছর মেয়াদী বার্ষিক ৭.০০% চক্রবৃদ্ধি সুদ হার প্রযোজ্য হবে।

সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৭/২০১৯ তারিখঃ ৩১.০৩.২০১৯
সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৮/২০২১ তারিখঃ ৩১.০৮.২০২১

৩.১০। **<u>২৩/৬ বিকেবি মাসিক মুনাফা প্রকল্প</u>** ঃ

৭(সাত) বছর মেয়াদী বার্ষিক ৮.০০% এবং ০১.০৯.২০২১ তারিখ হতে পরিবর্তিত ৭.০০% সুদ হার প্রযোজ্য হবে।

সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-২৩/২০১৯ তারিখঃ ২১.১০.২০১৯
সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৮/২০২১ তারিখঃ ৩১.০৮.২০২১

৩.১১। **<u>২১১-কর্মকর্তা/কর্মচারীদের নিরাপত্তা জামানতের উপর সুদ</u>** ঃ

৩০ জুন, ২০২৩ বার্ষিক হিসাব সমাপণীকালে অফিসার (ক্যাশ)/কোষাধ্যক্ষ/সহকারী কোষাধ্যক্ষ/মুদ্রাক্ষরিক/অন্যান্য কর্মচারীদের নিরাপত্তা জামানতের উপর প্রচলিত ব্যাংক রেটের চেয়ে ৩% বেশী হারে সুদ প্রদান করতে হবে। উক্ত সুদের উপর প্রযোজ্য হারে যথারীতি উৎসে কর কর্তন করতে হবে।

সূত্র নং-অপারেশন পরিপত্র নং-৮৭/৯৩ তারিখঃ ২৪.০৮.৯৩ ও অপারেশন পরিপত্র নং-২৫/২০০৩ তারিখঃ ১৫.১১.২০০৩

চলমান পাতা-০৪

৩.১২। **২২২-শিক্ষক সঞ্চয় প্রকল্প ঃ**

বিকেবি, ''শিক্ষক সঞ্চয় প্রকল্প'' হিসাবে জমা টাকার উপর বার্ষিক ৬.৫০% চক্রবৃদ্ধি হারে সুদ প্রদান করতে হবে। সুদ ১৩৩/৩৭(সি) হিসাব খাত ডেবিট এবং ২২২-শিক্ষক সঞ্চয় প্রকল্প হিসাব খাত ক্রেডিট করতে হবে। উল্লেখ্য, সুদের উপর প্রযোজ্য হারে উৎসে কর কর্তন করতে হবে।

সূত্র - হিসাব ও নিরীক্ষা(হিসাব-১) পরিপত্র নং-১৬/০২ তারিখঃ ১৪.০৯.০২ ও প্রকা/হিসাব-১/১(৭৪)/০৮-০৯/১২৩৯ তারিখ ০৫.০৩.০৯

৩.১৩। **২২৩-ক্ষুদ্র সঞ্চয় প্রকল্প ঃ**

বিকেবি, ''ক্ষুদ্র সঞ্চয় প্রকল্প'' হিসাবে জমা টাকার উপর বার্ষিক ৬.০০% চক্রবৃদ্ধি হারে সুদ প্রদান করতে হবে। উক্ত হিসাবের সুদ ১৩৩/৩৭(ডি) হিসাব খাত ডেবিট এবং ২২৩-ক্ষুদ্র সঞ্চয় প্রকল্প হিসাব খাত ক্রেডিট করতে হবে। উল্লেখ্য, প্রদত্ত সুদের উপর প্রযোজ্য হারে উৎসে কর কর্তন করতে হবে।
সূত্র -নিরীক্ষা ও হিসাব (হিসাব-১)পরিপত্র নং-২১/২০০২ তারিখঃ ০২.১২.২০০২ ও প্রকা/হিসাব-১/১(৭৪)/০৮-০৯/১২৩৯ তারিখ ০৫.০৩.০৯

৩.১৪। **২২৫-শিক্ষা সঞ্চয় প্রকল্প ঃ**

''শিক্ষা সঞ্চয় প্রকল্প'' হিসাবের উপর নিম্নোক্ত ছকে উল্লেখিত হারে সুদ প্রদান করতে হবে। উক্ত সুদ ১৩৩/৩৭(ই) খাত ডেবিট এবং ২২৫ শিক্ষা সঞ্চয় প্রকল্প হিসাব খাত ক্রেডিট করতে হবে। সুদের উপর প্রযোজ্য হারে উৎসে কর কর্তন করতে হবে।

মাসিক কিস্তি ভিত্তিক সঞ্চয় প্রকল্প	এককালীন জমা ভিত্তিক আমানত প্রকল্প
৫ বছর মেয়াদের জন্য বার্ষিক-৫.০০%	৭ বছর মেয়াদের জন্য বার্ষিক-৬.৫০%
৭ বছর মেয়াদের জন্য বার্ষিক-৫.৫০%	১০ বছর মেয়াদের জন্য বার্ষিক-৭.০০%
১০ বছর মেয়াদের জন্য বার্ষিক-৬.০০%	১৫ বছর মেয়াদের জন্য বার্ষিক-৭.২৫%

সূত্র -পরিকল্পনা ও পরিচালন বিভাগের পরিপত্র নং-২৭/২০০৩ তারিখঃ ০৪.১২.২০০৩ ও ০১/২০১৭ তারিখঃ ১৬.০২.২০১৭

৩.১৫। **২২৬-বাংলাদেশ কৃষি ব্যাংক সঞ্চয় স্কীম ঃ**

উক্ত হিসাবের সুদ ১৩৩/৩৭(এফ) হিসাব খাত ডেবিট এবং ২২৬-বাংলাদেশ কৃষি ব্যাংক সঞ্চয় স্কীম হিসাব খাত ক্রেডিট করতে হবে। প্রদত্ত সুদের উপর প্রযোজ্য হারে উৎসে কর কর্তন করতে হবে।

মেয়াদ	সুদের হার (২৭.১১.০৭ হতে খোলা হিসাবের মেয়াদপূর্তি পর্যন্ত)	সুদের হার (১৬.০২.১৭ হতে খোলা হিসাবের ক্ষেত্রে)	মন্তব্য
৭ বছর মেয়াদের জন্য	৯.০০%	৭.০০%	চক্রবৃদ্ধি সুদ হার প্রযোজ্য হবে

সূত্র -হিসাব মহাবিভাগ/পরিপত্র নং-১০/২০০৭ তারিখঃ ২৭.১১.২০০৭ ও পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ(শানিব্যউবি)পরিপত্র নং-০১/২০১৭ তারিখঃ ১৬.০২.২০১৭

৩.১৬। **২২৭-কৃষাণ-কৃষাণী সঞ্চয় স্কীম ঃ**

সঞ্চয়ী আমানত হিসাবের নীতিমালা অনুযায়ী এ স্কীমে জমাকৃত টাকার উপর সঞ্চয়ী আমানতের সুদের হার অপেক্ষা ১% বেশী সুদারোপ করতে হবে। উক্ত হিসাবের সুদ ১৩৩/৩৭(জি) খাত ডেবিট এবং ২২৭-কৃষাণ-কৃষাণী সঞ্চয় স্কীম হিসাব খাত ক্রেডিট করতে হবে। উল্লেখ্য, প্রদত্ত সুদের উপর প্রযোজ্য হারে উৎসে কর কর্তন করতে হবে।
সূত্র -ডিএমডি/পরিপত্র নং-হিসাব-০৫/২০০৬ তারিখ ২০.০৭.২০০৬

৩.১৭। **২২৮-মাসিক/ত্রৈমাসিক মুনাফা স্কীম ঃ**

এ স্কীমে মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে নির্ধারিত হারে সুদ ধার্য করে ১৩৩/৩৭(এইচ) হিসাব খাত ডেবিট এবং ২২৮ হিসাব খাত ক্রেডিট করতে হবে। উল্লেখ্য, প্রদত্ত সুদের উপর প্রযোজ্য হারে উৎসে কর কর্তন করতে হবে। এ স্কীমের সুদের হার নিম্নরূপ ঃ

মেয়াদ	সুদের হার (০৫.১০.০৮ হতে খোলা মাসিক/ত্রৈমাসিক হিসাবের মেয়াদপূর্তি পর্যন্ত)	সুদের হার (১৬.০২.১৭ হতে খোলা হিসাবের ক্ষেত্রে প্রযোজ্য)	মন্তব্য
৩/৫ বছরের জন্য	৮.৫০% ও ৯.০০%	৬.৫০%	সরল সুদ হার প্রযোজ্য

সূত্র -হিসাব মহাবিভাগ/পরিপত্র নং-০৫/২০০৮ তারিখঃ ০৫.১০.২০০৮ ও পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ(শানিব্যউবি)পরিপত্র নং-০১/২০১৭ তারিখঃ ১৬.০২.২০১৭

চলমান পাতা-০৫

৩.১৮। **২২৯-বিকেবি মাসিক সঞ্চয় স্কীম (এমএসএস) ঃ**

বার্ষিক ভিত্তিতে প্রতি জুন মাসে চক্রবৃদ্ধি হারে সুদ ধার্য করে ১৩৩/৩৭(জে) হিসাব খাত ডেবিট এবং ২২৯ বিকেবি মাসিক সঞ্চয় স্কীম হিসাব খাত ক্রেডিট করতে হবে। প্রযোজ্য হারে উৎসে কর কর্তন করতে হবে। এ স্কীমে সুদের হার নিম্নরূপঃ

ক্রঃ	মেয়াদ	সুদের হার				মন্তব্য
		২৩.০১.১২ হতে ২৫.০৬.১৪পর্যন্ত খোলা হিসাবের মেয়াদপুর্তি পর্যন্ত	২৬.০৬.১৪ হতে ০৫.১২.১৬ খোলা হিসাবের মেয়াদপুর্তি পর্যন্ত	০৬.১২.১৬ হতে ১৫.০২.১৭খোলা হিসাবের মেয়াদপুর্তি পর্যন্ত	১৬.০২.১৭ হতে খোলা হিসাবের ক্ষেত্রে	
ক	৩ বছর মেয়াদী	১১.০০%	১০.০০%	৮.০০%	৬.০০%	চক্রবৃদ্ধি সুদ হার প্রযোজ্য
খ	৫ বছর মেয়াদী	১০.৫০%	৯.৫০%	৮.০০%	৭.০০%	
গ	১০ বছর মেয়াদী	৯.৫০%	৯.০০%	৮.০০%	৭.০০%	

সূত্র- পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ(শানিব্যউবি)পরিপত্র নং-২০/২০১৬ তারিখঃ ০৬.১২.২০১৬ ও ০১/২০১৭ তারিখঃ ১৬.০২.২০১৭

৩.১৯। **২৩০-স্টুডেন্ট সেভিংস একাউন্ট ঃ**

স্টুডেন্ট সেভিংস একাউন্ট এ জমাকৃত টাকার উপর ব্যাংকের নির্ধারিত সঞ্চয়ী আমানতের জন্য প্রযোজ্য সুদ হার অপেক্ষা ১% বেশি হারে সুদ প্রদান করতে হবে। প্রদানকৃত সুদ হতে সরকারি ফি (যথাঃ উৎসে কর ও আবগারী) ব্যতীত অন্য কোন চার্জ/ফি কর্তন করা যাবে না।
সূত্র নং- ডিএমডি-১(শানিব্যউবি) পরিপত্র নং-০৯/২০১৩ তারিখঃ ১১.১১.২০১৩

৩.২০। **২৩১ বিকেবি মিলিয়নিয়ার স্কীম ঃ**

৩/৫/৭/১০ বছর মেয়াদী বার্ষিক যথাক্রমে (৭.২৫/৭.৫০/৭.৭৫/৮.২৫)% এবং ০১.০৯.২০২১ তারিখ হতে পরিবর্তিত হার যথাক্রমে (৬.০০/৬.২৫/৬.৫০/৭.০০)% চক্রবৃদ্ধি সুদ হার প্রযোজ্য হবে।

সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৫/২০১৯ তারিখঃ ৩১.০৩.২০১৯
সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৮/২০২১ তারিখঃ ৩১.০৮.২০২১

৩.২১। **২৩২ বিকেবি মাসিক ডিপোজিট স্কীম ঃ**

৩/৫/৭/১০ বছর মেয়াদী বার্ষিক যথাক্রমে (৭.২৫/৭.৫০/৮.০০/৮.২৫)% এবং ০১.০৯.২০২১ তারিখ হতে পরিবর্তিত হার যথাক্রমে (৬.০০/৬.২৫/৬.৫০/৭.০০)% চক্রবৃদ্ধি সুদ হার প্রযোজ্য হবে।

সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৬/২০১৯ তারিখঃ ৩১.০৩.২০১৯
সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৮/২০২১ তারিখঃ ৩১.০৮.২০২১

৩.২২। **২৩৩ বিকেবি লাখপতি স্কীম ঃ**

৭ বছর মেয়াদী বার্ষিক ৮.২৫% এবং ০১.০৯.২০২১ তারিখ হতে পরিবর্তিত ৭.০০% চক্রবৃদ্ধি সুদ হার প্রযোজ্য হবে।

সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৯/২০১৯ তারিখঃ ০৬.০৫.২০১৯
সূত্র নং-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৮/২০২১ তারিখঃ ৩১.০৮.২০২১

৩.২৩। **সঞ্চয় স্কীমসমূহের দেয়/মেয়াদপূর্তির তারিখ সম্পর্কে স্পষ্টীকরণ ঃ**

পত্র নং-প্রকা/হিসাব-১/১(৭৪)/০৮-০৯/১৬১৪ তারিখ ২৪.০৫.০৯ এর মাধ্যমে বিকেবি'র প্রণীত সঞ্চয় স্কীমসমুহের দেয়/মেয়াদপুর্তির তারিখ সম্পর্কে নিম্নোক্তভাবে স্পষ্টীকরণ করা হয়েছে।

বিকেবি'র মাসিক কিস্তিত ভিত্তিক সকল সঞ্চয় স্কীমের ক্ষেত্রে হিসাব খোলার তারিখকে ভিত্তি হিসাবে ধরে শেষ কিস্তি জমা দেয়ার পরবর্তী মাসে হিসাব খোলার তারিখে কিংবা পরবর্তী যেকোন কর্মদিবসে স্কীমের অর্থ সুদ আসলে (অন্যান্য শর্ত পুরণ সাপেক্ষে) আমানতকারীকে প্রদান করতে হবে। উদাহরণ স্বরূপঃ আমানতকারী যদি হিসাব খোলার সময় ১ম কিস্তির টাকা ৮ তারিখে জমা করেন তাহলে ৫ বছর মেয়াদী সঞ্চয় স্কীমের ক্ষেত্রে ৬১তম মাসের ৮ তারিখ বা তৎপরবর্তী যেকোন কর্মদিবসে আমানতের টাকা সুদ আসলে প্রদেয় হবে। এখানে উল্লেখ্য যে, শেষ কিস্তিতর টাকা যদি হিসাব খোলার তারিখের পরবর্তী কোন তারিখে জমা হয়ে থাকে সে ক্ষেত্রে শেষ কিস্তিতর টাকা জমার ৩০ দিন অতিক্রান্ত হওয়ার পরবর্তী তারিখে আমানতকারীকে সুদাসলে সমুদয় টাকা প্রদেয় হবে।

৩.২৪। **আমানতের সুদের উপর উৎসে আয়কর কর্তন ঃ**

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে প্রতিস্থাপিত আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫৩F ধারা অনুযায়ী সব ধরণের আমানতের সুদ/মুনাফার উপর নিম্নে উল্লেখিত ছক অনুযায়ী উৎসে কর কর্তনের বিধান করা হয়েছে। ১ জুলাই ২০২২ হতে এ বিধান কার্যকর হবে।

SL no.	Types of the payee	Rate
1	Where the payee is a company	20%
2	Where the payee is a person other than a company	10%
3	Where the payee is a public university, or educational institution whose teachers are enlishted for Monthly Pay Order (MPO), Following the curriculum approved by the government and whose govrning body is also formed as per Government rules or regulations, or any professional institute established under any law and run by professional body of Chartered Accountants, Cost and Management Accounts or Chartered Secretaries	10%
4	Where the payee is recognized provident fund, approved gratuity fund, approved superannuation fund or pension fund	5%

উল্লেখ্য যে, আমানতকারী ৭৫ ধারায় রিটার্ন দাখিলের প্রমাণক দাখিল/উপস্থাপনে ব্যর্থ হলে সব ধরনের আমানতের সুদ/মুনাফার উপর উল্লেখিত ছকে নির্ধারিত হারের অতিরিক্ত আরোও ৫০% উৎসে কর কর্তনের বিধান করা হয়েছে। উদাহরণস্বরূপ- কোম্পানী পর্যায়ের কোন আমানতকারী ৭৫ ধারায় রিটার্ন দাখিলের প্রমাণক দাখিল/উপস্থাপনে ব্যর্থ হলে প্রদেয় সুদ/মুনাফার উপর ২০% এর স্থলে ৩০% উৎসে কর কর্তন প্রযোজ্য হবে। এতদবিষয়ে অত্র বিভাগের পত্র নং- প্রকা/হিসাব(শাখা-১)/ভ্যাট ও ট্যাক্স ৬(৪৮)/২০২২-২০২৩/২৫ তারিখঃ ০৭.০৭.২০২২ এবং প্রকা/হিসাব(শাখা-১)/ভ্যাট ও ট্যাক্স ৬(৪৮)/২০২২-২৩/৩৩২ তারিখঃ ২৫.১০.২০২২ দেখা যেতে পারে।

৩.২৫। **ভ্যাট ও উৎসে আয়কর কর্তন ঃ**

সকল শাখা/কার্যালয় কর্তৃক প্রদানকৃত সকল প্রকার সেবা/বিল হতে নিয়ম মোতাবেক যথারীতি প্রযোজ্য হারে ভ্যাট ও উৎসে আয়কর কর্তন করতে হবে। কর্তনকৃত ভ্যাট ও উৎসে আয়কর প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ (০১০১) এর মাধ্যমে সরকারি কোষাগারে জমা করতে হবে। এছাড়া ব্যাংকের বিভিন্ন শাখা/কার্যালয় কর্তৃক কম্পিউটারাইজেশনের আওতায় অবকাঠামো উন্নয়নসহ বিভিন্ন কাজে বিল প্রদান করা হয়ে থাকে, এসব বিল হতে নিয়মানুযায়ী ভ্যাট ও উৎসে আয়কর কর্তন করতে হবে।

এ বিষয়ে অত্র বিভাগের পত্র নং-প্রকা/হিসাব-১/ভ্যাট ও ট্যাক্স ৬(৪৮)/২০২১-২২/৩(১২৫০) তারিখঃ ০১-০৭-২০২১, পত্র নং-প্রকা/হিসাব(শাখা-১)/ভ্যাট ও ট্যাক্স ৬(৪৮)/২০২২-২৩/২০৫ তারিখঃ ১৫.০৯.২০২২ এবং পত্র নং-প্রকা/হিসাব-১/ভ্যাট ও ট্যাক্স ৬(৪৮)/২০২১-২০২২/৮২২ তারিখঃ ১৩-০৬-২০২২ এর মাধ্যমে জারিকৃত তালিকা অনুযায়ী ভ্যাট ও উৎসে আয়কর কর্তন করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হয়েছে (যা বিকেবি'র ওয়েবসাইটে দেয়া আছে)।

৩.২৬। **ব্যাংকিং সেবা খাতে অর্জিত আয়ের উপর কর্তনকৃত মূসক (ভ্যাট) ঃ**

ব্যাংকিং সেবা খাতে অর্জিত আয়ের উপর ১৫% হারে মূসক (ভ্যাট) কর্তনপূর্বক যথানিয়মে অত্র বিভাগে প্রেরণ করতে হবে।

৩.২৭। **অন্যান্য খাত ঃ**

অন্যান্য যেমন, স্থানীয় ক্রয়, প্রিন্টিং, নিলাম বিজ্ঞপ্তি, মেরামত, ভাড়াকৃত গাড়ী ইত্যাদি (যদি থাকে) খাত হতে কর্তনকৃত ভ্যাট ও উৎসে করের খাত ও হার উল্লেখপূর্বক আলাদা এ্যাডভাইস প্রেরণ করতে হবে।

৩.২৮। **আবগারী শুল্ক সংক্রান্ত নির্দেশনাবলী ঃ**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, প্রজ্ঞাপন এসআরও নং ১৬২-আইন /২০২২/১৭৫-আবগারী, তারিখ ০১-০৬-২০২২ এবং অত্র বিভাগের ১৩-০৬-২০২২ তারিখের পত্র নং-প্রকা/হিসাব-১/ভ্যাট ও ট্যাক্স ৬(৪৮)/২০২১-২০২২/৮২৩ এর নির্দেশনা অনুযায়ী অত্র ব্যাংকের সাথে পরিচালিত ব্যাংক হিসাবে (আমানত ও ঋণ হিসাব) পঞ্জিকা বছরের যে কোন সময়ে স্থিতির (ক্রেডিট অথবা ডেবিট ব্যালেন্স) উপর নিম্নোক্ত হারে আবগারী শুল্ক কর্তন করতে হবে ঃ

কার্যকারিতাঃ ০১-০৭-২০২২ হতে অব্যাহত

ক্র	প্রতি এ্যাকাউন্টে স্থিতির পরিমান	কর্তনযোগ্য আবগারী শুল্কের হার
১।	১,০০,০০০/- টাকা পর্যন্ত (ক্রেডিট অথবা ডেবিট ব্যালেন্স)	শূন্য
২।	১,০০,০০১/- টাকা থেকে ৫,০০,০০০/- টাকা পর্যন্ত (ক্রেডিট অথবা ডেবিট ব্যালেন্স)	১৫০/-
৩।	৫,০০,০০১/- টাকা থেকে ১০,০০,০০০/- টাকা পর্যন্ত (ক্রেডিট অথবা ডেবিট ব্যালেন্স)	৫০০/-
৪।	১০,০০,০০১/- টাকা থেকে ১,০০,০০,০০০/- টাকা পর্যন্ত (ক্রেডিট অথবা ডেবিট ব্যালেন্স)	৩,০০০/-
৫।	১,০০,০০,০০১/- টাকা থেকে ৫,০০,০০,০০০/- টাকা পর্যন্ত (ক্রেডিট অথবা ডেবিট ব্যালেন্স)	১৫,০০০/-
৬।	৫,০০,০০,০০১/- টাকা থেকে তদূর্ধ্ব (ক্রেডিট অথবা ডেবিট ব্যালেন্স)	৫০,০০০/-

চলমান পাতা-০৭

উপরোক্ত ছক মোতাবেক সংশ্লিষ্ট হিসাব হতে কর্তনকৃত আবগারী শুল্ক যথানিয়মে অত্র বিভাগে প্রেরণ করতে হবে।
সূত্র নং- প্রকা/হিসাব-১/ভ্যাট ও ট্যাক্স ৬(৪৮)/২০২১-২০২২/৮২৩ তারিখঃ ১৩-০৬-২০২২

বিঃদ্রঃ কৃষকের বিশেষ ভর্তুকী আমানত হিসাবসমূহে ১.০০ লক্ষ টাকা পর্যন্ত স্থিতির ক্ষেত্রে আবগারী শুল্ক কর্তন অব্যাহতি প্রদান করা হয়েছে।

সূত্র নং- প্রকা/শানিব্যউবি-১(৪)/২০১০-১১/৮৭১(১২০০) তারিখঃ ০৬-০১-২০১১।

৩.২৯। **উপরোক্ত অনুচ্ছেদ নং ৩.২৪ হতে ৩.২৮ পর্যন্ত বিষয়ে কোন সার্কুলার এর জন্য NBR এর Website: www. nbr.gov.bd দেখা যেতে পারে। এর মধ্যে কোন বিষয়ে আরো অধিকতর স্পষ্টীকরণের জন্য অত্র বিভাগের সহকারী মহাব্যবস্থাপক জনাব আরিফুর রহমান (মোবাইল নং- ০১৭২৮৭৭১৩৮৩) অথবা মুখ্য কর্মকর্তা জনাব নাজমুল হুদা (মোবাইল নং-০১৯১১৫৫৮৯১৭) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।**

৩.৩০। **কর্মকর্তা/কর্মচারীদের অগ্রিম ঃ**

ক) যানবাহন অগ্রিম ঃ যানবাহন ক্রয় অগ্রিমের উপর বার্ষিক হিসাব সমাপনীতে দৈনিক প্রডাক্ট এর ভিত্তিতে ব্যাংক রেট হারে সুদারোপ করে **১৩৭/১** উপ-খাত ডেবিট এবং ৪৬/৪৪ খাতকে ক্রেডিট করতে হবে।

খ) গৃহ নির্মাণ অগ্রিম ঃ গৃহ নির্মাণ অগ্রিমের উপর বার্ষিক হিসাব সমাপনীতে দৈনিক প্রডাক্ট এর ভিত্তিতে ব্যাংক রেট হারে সুদারোপ করতে হবে এবং উহা **১৩৭/২** উপখাত ডেবিট এবং ৪৬/৪৩ খাতকে ক্রেডিট করতে হবে।

গ) মোবাইল ফোন ক্রয় অগ্রিম ঃ মোবাইল ফোন ক্রয় অগ্রিমের উপর বার্ষিক ব্যাংক রেটের চেয়ে ০.৫০ টাকা বেশী দৈনিক প্রডাক্ট এর উপর সুদারোপ করে উহা **১৩৭/৭** খাত ডেবিট এবং ৪৬/৪৭ খাতে ক্রেডিট করতে হবে।

ঘ) কম্পিউটার ক্রয় অগ্রিম ঃ কম্পিউটার ক্রয় অগ্রিমের উপর বার্ষিক হিসাব সমাপনীতে দৈনিক প্রডাক্ট এর ভিত্তিতে ব্যাংক রেট হারে সুদারোপ করে উক্ত টাকা **১৩৭/৮** খাত ডেবিট এবং ৪৬/৪৮ খাত ক্রেডিট করতে হবে।

৩.৩১। **বিকেবি আন্তঃশাখা লেনদেনের সাধারণ হিসাবের উপর সুদ ধার্যকরণ (১১৫, ১১৬, ১১১০, ১১১১, ১১১৪, ১১১৫, ১১১৮ ও ১১১৯) ঃ**

বিকেবি আন্তঃশাখা লেনদেনের উপর **১৯.০২.২০১৯** তারিখে জারিকৃত হিসাব পরিপত্র নং-**১৪/২০১৯**, ২৫.০৭.২০২২ তারিখের ডিএমডি(২) পরিপত্র নং-০৫/২০২২ এবং ০১.০২.২০২৩ তারিখে জারিকৃত ডিএমডি(৩) পরিপত্র নং-০১/২০২৩ মোতাবেক সুদ ধার্য হবে। **সাধারণ হিসাবসমূহের উপর নীটিং পদ্ধতিতে স্বয়ংক্রিয়ভাবে CBS এ সুদ হিসাবায়ন হবে এবং এর জন্য শাখাসমূহের কোন এ্যাডভাইস প্রেরণ করতে হবে না।**

৩.৩২। **৪১-প্রদেয় হিসাব ঃ**

প্রদেয় হিসাব খাতের অনিষ্পন্ন এন্ট্রিসমূহ নিষ্পন্নের জন্য শাখা ব্যবস্থাপক সকল প্রকার পদক্ষেপ গ্রহণ করবেন যাতে করে হিসাব সমাপনী শেষে শাখায় কোন অনিষ্পন্ন এন্ট্রি না থাকে। যুক্তিসংগত কারণ ছাড়া পুরাতন কোন এন্ট্রির জের নতুন বছরে স্থানান্তর করা যাবে না।

৩.৩৩। **১৩১-আদায়যোগ্য হিসাব ঃ**

ক) আদায়যোগ্য খাতে অনিষ্পন্ন এন্ট্রিসমূহ ৩০ জুন, ২০২৩ তারিখের মধ্যেই সমন্বয় করতে হবে এবং যুক্তিসংগত কারণ ব্যতীত ২ মাসের অধিক অসমন্বিত কোন এন্ট্রি পরবর্তী বছরে জের টানা যাবে না। শাখায় ডাক খরচ নির্বাহের জন্য প্রদত্ত অগ্রিমের টাকা ৩০ জুন তারিখে সমন্বয় করে পরবর্তী অর্থ বছরের **১ম** কার্যদিবসে **১৩১/১১**-আদায়যোগ্য হিসাব খাত ডেবিট করে নতুন অগ্রিম প্রদান করা যাবে।

খ) **১** বছর বা তদূর্ধ্ব সময়ের কোন এন্ট্রি অনিষ্পন্ন রাখা যাবে না।

১ বছর বা তদূর্ধ্ব সময়ের কোন এন্ট্রি অনিষ্পন্ন থাকলে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক প্রভিশন করতে হয় বিধায় এর দায়-দায়িত্ব শাখা ব্যবস্থাপকের উপর বর্তাবে।

৩.৩৪। **এক্স-এ্যাডভাইস সমন্বয়করণ ঃ**

এক্স-এ্যাডভাইস (যথাঃ **১৩১৬** ও অন্যান্য খাতে) হিসাবভুক্ত অর্থ দ্রুত সমন্বয় করতে হবে। এখাতে **১** বছর বা তদূর্ধ্ব সময়ের কোন অসমন্বিত এন্ট্রি রাখা যাবে না। উক্ত খাতে **১ বছর বা তদূর্ধ্ব সময়ের কোন এন্ট্রি অনিষ্পন্ন থাকলে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক প্রভিশন করতে হয় বিধায় এর দায়-দায়িত্ব শাখা ব্যবস্থাপকের উপর বর্তাবে।** নিম্নোক্ত ছকে অসমন্বিত এন্ট্রির সময়কাল ভিত্তিক বিবরণী প্রেরণ করতে হবে।

ছক

৩০.০৬.২০২৩ তারিখ ভিত্তিক এক্স-এ্যাডভাইস এন্ট্রির সময়কাল ভিত্তিক বিবরণী প্রকৃত টাকায়

অঞ্চল	শাখা	১ বছরের নিম্নে		১ বছরের উর্ধ্বে		মন্তব্য
		এন্ট্রির সংখ্যা	টাকার পরিমাণ	এন্ট্রির সংখ্যা	টাকার পরিমাণ	
১	২	৩	৪	৫	৬	৭

৩.৩৫। **বদান্য তহবিল ও ভবিষ্যৎ তহবিল** ঃ

ক) বেতন থেকে কর্তনকৃত বদান্য তহবিলের অর্থ ৪১/২১ খাতে সংরক্ষণ করতে হবে এবং মাসিক হিসাব সমাপনীতে যথারীতি অটোমেশনের আওতায় প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ(শাখা-২) (কোড-০১০৩) এ স্থানান্তরিত হবে।

বদান্য তহবিল থেকে শাখা কতৃক ১৩১/২৫ খাতের মাধ্যমে প্রদানকৃত মাসিক অনুদানের অর্থ ২১.০৬.২০২৩ তারিখে কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-২) বরাবর (কোড-০১০৩) ডেবিট এ্যডভাইস প্রেরণ করতে হবে।

সূত্রঃ কেন্দ্রীয় হিসাব বিভাগ(শাখা-২) এর পত্র নং– প্রকা/হিসাব-২ঃ(কঃকঃ)৩/০৮/২০২২-২০২৩/১৩৭০ তারিখ- ০৩.০৪.২০২৩

খ) ২৮.০২.১৯৯৪ তারিখে ভবিষ্য তহবিল বিভাগ হতে জারীকৃত অপারেশন পরিপত্র নং-২১/৯৪ এর নির্দেশনা অনুযায়ী বেতন প্রদানকারী শাখা জুলাই, ২০২২ হতে জুন, ২০২৩ মাসের মধ্যে কর্তনকৃত ভবিষ্য তহবিলের চাঁদার (২১০ হিসাব খাতে জমাকৃত) জন্য একটি ক্রেডিট এ্যাডভাইস স্থানীয় মুখ্য কার্যালয়ের উপর ইস্যু করে প্রতিবেদনসহ মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে এবং কর্পোরেট শাখাসমুহ সরাসরি কেন্দ্রীয় হিসাব বিভাগ(শাখা-২) এ ২২ জুন, ২০২৩ এর মধ্যে প্রেরণ নিশ্চিত করবে।

৩.৩৬। **অবসরপ্রাপ্তদের প্রদত্ত মাসিক পেনশন** ঃ

অটোমেশনের আওতায় কেন্দ্রীয়ভাবে পেনশন প্রদান করা হয় বিধায় শাখা থেকে পেনশন প্রদান কার্যক্রম রহিত করা হয়েছে।

সূত্র নং- কেন্দ্রীয় হিসাব বিভাগ(শাখা-২) এর পত্র নং- প্রকা/হিসাব(শাখা-২)২:১৮(পেনশন)/২০২২-২০২৩/৮৮৫
তারিখঃ ০৭.০২.২০২৩

৩.৩৭। **কর্মকর্তা ও কর্মচারীদের জুন, ২০২৩ মাসের বেতন প্রদান** ঃ

হিসাব ম্যানুয়েলের ১৩.৩৭ নং অনুচেছদের নির্দেশনা মোতাবেক প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ(শাখা-২) ও শাখা ব্যবস্থাপকগণ সকল কর্মকর্তা ও কর্মচারীদের জুন,২০২৩ মাসের বেতন উক্ত মাসের ২০ তারিখ মঙ্গলবার প্রদান করবেন। উল্লেখ্য, অস্থায়ী কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতাদি ৪১/৩-প্রদেয় হিসাব খাতে রাখতে হবে এবং মাসের শেষ কর্মদিবসে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণকে প্রদান করতে হবে।

৩.৩৮। **লাভ/ক্ষতি নির্ণয়** ঃ

৩০ জুন, ২০২৩ তারিখে শাখার লাভ-ক্ষতি নির্ণয়ের জন্য করণীয় ঃ

- আয় ও ব্যয় হিসাব খাত বন্ধ করার জন্য নিম্নোক্তভাবে হিসাবায়ন করতে হবে ঃ

ডেবিট	বিবরণ	ক্রেডিট
৪৬-আয় হিসাব	আয় হিসাব বন্ধ করার জন্য	১৩-লাভ-ক্ষতির হিসাব
১৩-লাভ-ক্ষতির হিসাব	ব্যয় হিসাব বন্ধ করার জন্য	১৩৩-ব্যয় হিসাব

- শাখার অর্জিত লাভ/ক্ষতির হিসাবভুক্ত করার জন্য নিম্নোক্তভাবে হিসাবায়ন করতে হবে ঃ

ডেবিট	বিবরণ	ক্রেডিট
১৩-লাভ-ক্ষতির হিসাব	১৩ খাতে ক্রেডিট স্থিতি/লাভ হলে	১১১৪-বিকেবি, সাধারণ হিসাব
১১১৪-বিকেবি, সাধারণ হিসাব	১৩ খাতে ডেবিট স্থিতি/ক্ষতি হলে	১৩-লাভ-ক্ষতির হিসাব

অর্জিত লাভ/ক্ষতির জন্য কোন ক্রেডিট/ডেবিট এ্যাডভাইস ইস্যু করতে হবে না। উক্ত লাভ/ক্ষতি অটোমেশনের আওতায় প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-১) (কোড-০১০১) এ নিয়ে আসা হবে।

৩.৩৯। **ব্যয় হিসাব** ঃ

জুলাই, ২০২২ হতে জুন, ২০২৩ পর্যন্ত সকল ব্যয় সঠিক উপ-খাতে অন্তর্ভুক্ত করতে হবে এবং সাধারণ খতিয়ান বইয়ের ১৩৩ ব্যয় হিসাব খাতের স্থিতির সাথে সকল ব্যয়ের উপ-খাতের সমষ্টি অবশ্যই মিলতে হবে। জুন/২০২৩ পর্যন্ত খরচ হয়েছে কিন্তু পরিশোধিত হয়নি এমন ব্যয় প্রভিশন করে যথাযথ হিসাব খাতে অন্তর্ভুক্ত করতে হবে।

৩.৪০। **নিয়ন্ত্রণকারী কার্যালয় ও অডিট অফিসসমূহের খরচ প্রধান কার্যালয়ে প্রেরণ ঃ**

নিয়ন্ত্রণকারী কার্যালয়সমূহ (বিভাগীয় কার্যালয়/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়) এবং অডিট অফিসসমুহের (বিভাগীয় নিরীক্ষা/ আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়) ০১.০১.২০২৩ হতে ৩০.০৬.২০২৩ তারিখ পর্যন্ত বেতন ভাতা ও অন্যান্য খরচ প্রদানকারী শাখা কর্তৃক খরচ অটোমেশনের আওতায় ১১১০ এর মাধ্যমে প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-১) (কোড-০১০১) নিয়ে আসা হবে।।

বিঃদ্রঃ এ্যাডভাইস এবং খরচের বিবরণী প্রেরণ করার প্রয়োজন নেই।

৩.৪১ । **মনোহারী দ্রব্যাদি সরবরাহ হিসাব ঃ**

বার্ষিক হিসাব সমাপনীকালে শাখা কর্তৃক ব্যবহৃত মনোহারী ও সরবরাহকৃত দ্রব্যাদি যেমন হিসাবের বহি, রেজিষ্টার ও অন্যান্য মুদ্রিত ফরম ইত্যাদির খরচ ১৩৩/২১-এ ডেবিট এবং বিপরীত দিকে মনোহরী ও সরবরাহ হিসাব খাত ১৩২ ক্রেডিট করতে হবে।

৩.৪২ । **ঋণ অবলোপন, শ্রেণীকৃত ঋণের উপর সুদারোপ ঃ**

ক) ঋণ অবলোপন এর হিসাবায়ন ও তথ্য সংরক্ষণে কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এর ১৬.০৮.২০০৩ তারিখের পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-২০/২০০৩ এবং ঋণ আদায় বিভাগের ০২.১০.০৭ তারিখের পত্র প্রকা/আদায়-১১(২)/০৭-০৮/৭৯১(১২৫০) যথাযথভাবে অনুসরণ করতে হবে। অত্র বিভাগের ০৪.০৮.০৫ তারিখের পত্র নং-প্রকা/হিসাব-১/১(২৫)হিঃপ/ ০৫-০৬/২৭৯ এর নির্দেশনা অনুযায়ী অবলোপনকৃত ঋণ আদায় হলে তা শাখার ঋণের সংশ্লিষ্ট সুদ আয় খাতে ক্যাশ ডেবিট ভাউচারের মাধ্যমে আদায় করতে হবে। উল্লেখ্য, এক্ষেত্রে সমপরিমাণ টাকা দ্বারা কন্ট্রা হিসাব খাত ৬১১-ঋণ অবলোপন কে ডেবিট এবং ১২১১-ঋণ অবলোপন খাতকে ক্রেডিট করে একটি স্থানান্তর ভাউচার করতে হবে।

খ. ঋণ শ্রেণীবিন্যাস বিভাগের ৩০.০৬.২০২৩ তারিখ ভিত্তিক ৫৫তম ঋণ শ্রেণীবিন্যাস বিবরণী প্রস্তুতকরণ সংক্রান্ত পরিপত্রের নির্দেশনা এবং এতদসংক্রান্ত অন্যান্য নির্দেশনা মোতাবেক প্রযোজ্যতা অনুযায়ী শ্রেণীবিন্যাসকরণ এবং এসএমএ ঋণের উপর আরোপিত সুদ বিধি অনুযায়ী আয় খাতে ও এসএস/ডিএফ ঋণের উপর আরোপিত সুদ ৫২-স্থগিত সুদ খাতে হিসাবভুক্ত করতে হবে। তাছাড়া BL শ্রেণীকৃত ঋণ হিসাবে সুদ আরোপ বন্ধ থাকবে।

৩.৪৩ । **ঋণ ও অগ্রিমের সুদ ঃ**

ট্রেজারী ম্যানেজন্ট বিভাগের ২০.০৮.২০১৮ তারিখের হিসাব পরিপত্র নং-১১/২০১৮, ০১.১০.২০২০ তারিখের হিসাব পরিপত্র নং-০৭/২০২০ এবং ২০.০৪.২০২১ তারিখের হিসাব পরিপত্র নং-০২/২০২১ মাধ্যমে ঋণ ও অগ্রিমের সুদহার সম্পর্কিত নির্দেশনা অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো।

৩.৪৪। **সম্পদ ও সম্পত্তি হিসাব ঃ**

অত্র বিভাগের পত্র নং-প্রকা/হিসাব-১/১৪(বিএস)/২০১৭-১৮/৭২১(৬৩) তারিখ ২০.১২.২০১৭ অনুযায়ী সকল ক্রয়কৃত সকল ডেডস্টক বা স্থায়ী সম্পদের Date of invoice হতে অবচয় ধার্য করতে হবে। বিগত বছর ক্রয়কৃত সকল ডেডস্টক বা স্থায়ী সম্পদের ক্রয়মূল্যের উপর অবচয় ধার্য করতে হবে। **অত্র বিভাগ হতে ১৭.০১.২০১৮ তারিখে জারীকৃত পত্র নং-প্রকা/হিসাব-১/১(২৪)/২০১৭-১৮/৮৪৫ মোতাবেক সংশ্লিষ্ট খাতে অবচয় হিসাবভুক্ত করার জন্য পরামর্শ দেয়া হলো।** ছকে উল্লেখিত হারে সম্পদের উপর অবচয় ধার্য করতে হবেঃ

ক্রঃ নং	সম্পদের নাম	বার্ষিক অবচয়ের হার	সংশিষ্ট অবচয় খাত
(ক)	আসবাবপত্র	১০%	১৩৩/৩০(১)
(খ)	অফিস সরঞ্জাম	১৫%	১৩৩/৩০(২)
(গ)	অফিসের যন্ত্রপাতি	২০%	১৩৩/৩০(৩)
(ঘ)	বৈদ্যুতিক সরঞ্জাম	২০%	১৩৩/৩০(৪)
(ঙ)	মোটর গাড়ী ও অন্যান্য যানবাহন	২০%	১৩৩/৩০(৫)
(চ)	জমি	শুন্য	-
(ছ)	ইমারত	২.৫%	১৩৩/৩০(৬)
(জ)	কম্পিউটার হার্ডওয়্যার	২০%	১৩৩/৩০(৭)
(ঝ)	কম্পিউটার সফটওয়্যার	২০%	১৩৩/৩০(৮)

চলমান পাতা-১০

০৪। বার্ষিক হিসাব সমাপনীর পর শাখাসমূহ নিম্নবর্ণিত তালিকা অনুযায়ী প্রতিবেদন ও বিবরনী সংশিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রেরন করবেন। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় পরবর্তীতে নির্ধারিত সময়ে প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট প্রেরণ নিশ্চিত করবেন। শাখা কর্তৃক (কর্পোরেট শাখাসমুহ সরাসরি প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করবেন) সমাপনী প্রতিবেদন, এ্যাডভাইস ও অন্যান্য বিবরনী কোন অবস্থাতেই সরাসরি প্রধান কার্যালয়ে প্রেরণ করা যাবে না।

বার্ষিক হিসাব সমাপনী প্রতিবেদন ও বিবরণী প্রেরণের নির্দেশনা ঃ

ই-মেইল এড্রেসঃ dgmaccounts1@krishibank.org.bd

ক্রঃ নং	বিবরনী ৩০.০৬.২০২৩ ভিত্তিক	শাখা কর্তৃক মুআকা/আকা পৌছানোর শেষ তারিখ	মুআকা/আকা ও কর্পোরেট শাখা হতে প্রকায় পৌছানোর শেষ তারিখ	প্রধান কার্যালয়ে যার নিকট পৌছাতে হবে	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
১।	অবস্থার প্রতিবেদন (সংযুক্তি-ক)	০১.০৭.২৩	একীভূত বিবরণীর সফ্টকপি ০২.০৭.২৩ এর মধ্যে কেহিবি(শাখা-১) বরাবর মেইল করবেন।	শাখার বা আঞ্চলিক কার্যালয়ের একীভূত বিবরণীর হার্ড কপি প্রকায় প্রেরণের প্রয়োজন নেই।	শাখা একীভূত বিবরণীর হার্ডকপি আঞ্চলিক কার্যালয়ে সংরক্ষণ করবেন।
২।	মুআকা/আকা শাখা হতে প্রাপ্ত এ্যাডভাইস ও অন্যান্য বিবরণীসমুহ যাচাইপূর্বক পৃথক পৃথকভাবে ০২টি মোড়কে শাখার ক্রমানুসারে বাঁধাই করবেন। **মোড়ক-১** ঃ সোনালী ও অন্যান্য ব্যাংক হিসাবের সার্টিফিকেট **মোড়ক-২** ঃ অন্যান্য বিবরণীসমুহ ২.১ ভ্যাট ও উৎসে আয়কর ২.২ ব্যাংকিং সেবায় কর্তনকৃত ভ্যাট ২.৩ অন্যান্য খাতে কর্তনকৃত ভ্যাট ও উৎসে কর	০১.০৭.২৩	০২.০৭.২৩	**মোড়ক-১** আশরাফুল আহমেদ সানি, কর্মকর্তা **মোড়ক-২** নাজমুল হুদা, মুখ্য কর্মকর্তা কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-১) বরাবর প্রেরণ করতে হবে।	মোড়কের উপর ৫নং কলামে উল্লেখিত কর্মকর্তার নাম অবশ্যই লিখতে হবে।

০৫। নিম্নোক্ত বিষয়সমুহ সতর্কতার সঙ্গে যথাযথরূপে পালনের জন্য শাখাসমূহকে পরামর্শ প্রদান করা হলো। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় তার অঞ্চলাধীন শাখাসমুহ কর্তৃক নিম্নোক্ত বিষয়সমুহ সম্পূর্ন সঠিকতার সঙ্গে পরিপালন করার বিষয়টি নিশ্চিত করবেন। **এক্ষেত্রে কোনরূপ শৈথিল্য প্রদর্শন করলে তা কঠোর দৃষ্টিতে দেখা হবে**।

ক) প্রযোজ্য ক্ষেত্রে আমানত হিসাবের উপর সঠিকতার সঙ্গে সুদের প্রভিশন করতে হবে, প্রভিশন করার ক্ষেত্রে অত্র বিভাগের ২৫.০৪.২০১৮ তারিখের পত্র নং-১৭-১৮/১২৯১ এর নির্দেশনা অনুসরণ করার জন্য পরামর্শ প্রদান করা হলো;

খ) ঋণ শ্রেণীবিন্যাস বিভাগ থেকে জারীকৃত পরিপত্রসমুহের নির্দেশিত বিধি মেনে ঋণ শ্রেনীবিন্যাস করতে হবে এবং মন্দ ব্যতীত অন্যান্য শ্রেনীকৃত ঋনের আরোপিত সুদ ৫২-স্থগিত সুদ খাতে নিতে হবে।

গ) পুনঃতফশিলকৃত ঋণের সুদ আদায় সাপেক্ষে ৪৬-আয় খাতে স্থানান্তর করতে হবে, অন্যথায় ৫২-স্থগিত সুদ খাতে সংরক্ষন করতে হবে।

০৬। শাখা প্রধান হিসেবে শাখা ব্যবস্থাপককে এবং অঞ্চল প্রধান হিসেবে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপককে এতদসংক্রান্ত নিম্নোক্ত প্রত্যয়নপত্রসমুহ প্রদান করতে হবে ঃ
ক) ৩০.০৬.২৩ তারিখ ভিত্তিক প্রদেয় হিসাবসমুহ, আদায়যোগ্য হিসাবসমূহের ব্যালেন্সিং এর প্রত্যয়নপত্র
খ) মন্দ ব্যতীত অন্যান্য শ্রেনীকৃত ঋনের আরোপিত সুদ ৫২-স্থগিত সুদ খাতে হিসাবায়নের প্রত্যয়নপত্র

০৭। বর্ণিত নির্দেশনার কোন স্পষ্টীকরণের প্রয়োজন হলে বিভাগের **উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা জনাব মোঃ জাকির হোসেন (মোবাঃ ০১৯১৫-৬৩০৫৩১) অথবা মুখ্য কর্মকর্তা জনাব মুহাম্মদ খোরশেদ ইবনে আলী (মোবাঃ ০১৬৭৫-৯৬৪০০০)** এর সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ প্রদান করা হলো ।

অনুমোদনক্রমে-

(খান তামজিদ আহমেদ)
উপমহাব্যবস্থাপক
ফোন ঃ ০২২২৩৩৬৯৩১

সংযুক্তি ঃ বর্ণনামতে।

নং-প্রকা/হিসাব-১/১(৪)/২০২২-২০২৩/৯০৭(১২৫০) তারিখঃ ০৬.০৬.২০২৩

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা

০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা

০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা

০৪। **স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।**

০৫। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা; বার্ষিক হিসাব সমাপনী জুন, ২০২৩ সংক্রান্ত যাবতীয় কার্যাবলী যথাসময়ে সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৬। **সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রকা, ঢাকা** ঃ সংশ্লিষ্ট বিভাগের সাথে সম্পর্কিত ২০২২-২৩ অর্থবছরের যাবতীয় খরচ/নগদ অগ্রিম বিমোচিতকরণ এবং সকল আদায়যোগ্য অর্থ আদায়করন ও সমন্বয় সাধন অবশ্যই ৩০ জুন, ২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। বিভিন্ন বিভাগে ধারণকৃত সকল নগদ ও ডাক মাসুল বাবদ অর্থ অত্র বিভাগের বিল শাখা হতে ভাউচার করে স্থানীয় মুখ্য কার্যালয়ে বছরের শেষ কর্মদিবসে জমা করবেন।

প্রকিউরমেন্ট এবং কর্মীকল্যাণ ও পরিবহন বিভাগ ঃ ডেডস্টক (অবচয় বিবরণীসহ) ও স্টেশনারী দ্রব্যের মজুদের বাস্তব পরীক্ষাপূর্বক প্রতিবেদন/বিবরণী তৈরি করে নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ অত্র বিভাগে জমা দিতে হবে।

এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ ঃ কৃষি ব্যাংকের সকল জমি ও দালানকোঠার তালিকাসহ অবচয় বিবরণী তৈরি করে নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ অত্র বিভাগে জমা দিতে হবে।

ঋণ শ্রেনীবিন্যাস বিভাগ ঃ ৩০.০৬.২৩ তারিখ ভিত্তিক ঋণ শ্রেনীবিন্যাসিত বিবরণী (CL-1) ১৫.০৭.২৩ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণ করবেন।

আইসিটি অপারেশন বিভাগ ঃ সংশ্লিষ্ট কম্পিউটার হার্ডওয়্যার এবং কম্পিউটার সফটওয়্যার (Intangible Asset) তালিকাসহ অবচয় বিবরণী তৈরি করে নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ অত্র বিভাগে জমা দিতে হবে।

আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ ঃ সংশ্লিষ্ট কম্পিউটার হার্ডওয়্যার এবং কম্পিউটার সফটওয়্যার (Intangible Asset) তালিকাসহ অবচয় বিবরণী তৈরি করে নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ অত্র বিভাগে জমা দিতে হবে।

০৭। **উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা'কে অত্র পরিপত্রটি ব্যাংকের Website এ আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। আলোচ্য হিসাব পরিপত্রের বিষয়সমূহ সিবিএসে অন্তর্ভুক্তসহ প্রযোজ্য ক্ষেত্রে এতদবিষয়ে শাখাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধ করা হলো।**

০৮। সকল উপমহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক

০৯। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক

১০। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক

১১। নথি/মহানথি

(আরিফুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক
ফোন ঃ ০২৯৫১৪৫৪৮